


অবিখ 03 SEP 1986
পৃষ্ঠা... ৭ কলাম... ৩

• ০০ ১০১



ডঃ কুদ্রত-এ-খুদা

সন্তি স্বর্ণপদক '৮৫

শান্তি এ, হক খন্দকার

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিশিষ্ট বিজ্ঞান লেখক জনাব
আবদুল হক খন্দকারকে চট্টগ্রাম
বিজ্ঞান পরিষদ আয়োজিত এক
বিশেষ অনুষ্ঠানে গত ৩০শে আগস্ট
'ডঃ মুহম্মদ কুদ্রত-এ-খুদা' সন্তি
স্বর্ণপদক '৮৫' দেয়া হয়। এ
উপলক্ষে চট্টগ্রামে সেন্ট মেরিজ
হলে আয়োজিত অনুষ্ঠানে দেশীর
বিশিষ্ট বিজ্ঞানী ও বিজ্ঞান শিক্ষা-
বিদগণ ভাষণ দেন (৩১শে আগস্ট
এখনও প্রকাশিত হয়েছে)।

জনাব আবদুল হক খন্দকার
দীর্ঘদিন রংপুর কারখাইকেল কলে-
জের অধ্যাপক ও সায়েন্স ল্যাবরে-
টরীর 'বিজ্ঞান' ও 'বিজ্ঞানের জয়-
যাত্রার' সম্পাদক ছিলেন। বর্তমানে
তিনি বাংলাদেশ সরকারের বিজ্ঞান
ও প্রযুক্তি বিভাগ থেকে প্রকাশিত
পার্সিক বিজ্ঞান বুলেটিন 'আজকের
বিজ্ঞান'-এর সদস্য সম্পাদক। জনাব
খন্দকারের জনপ্রিয় বিজ্ঞান বই-
গুলোর মধ্যে রয়েছে 'জীব-
জগতের জন্মকথা,' 'বিচিত্র যত
পদাৰ্থ,' 'বিজ্ঞানের মজার খেলা'
(১ম ও ২য় বঙ্গ), 'ব্যাধির বিকল্পে
বিজ্ঞানী'। এছাড়াও তাঁর শতা-
ধিক প্রবন্ধ রয়েছে। এখনও
এগুলো পুস্তকাকারে প্রকাশিত
হয়নি।

ছাত্রাবস্থাতেই তাঁর লেখা বিভিন্ন
পত্র-পত্রিকায় প্রকাশিত হয়।
এখনও তিনিয়ে সকল পত্র-পত্রিকা
কায় নিয়মিত লিখে থাকেন তাঁর
মধ্যে রয়েছে 'কলকাতার জ্ঞান ও
বিজ্ঞান' ও 'কিশোর বিজ্ঞান' সাম-
য়িকী এবং এদেশের বাংলা একা-
ডেমী বিজ্ঞান পত্রিকা, সচিত্র বাংলা-
দেশ, নবাচুল, শিশু সবজ পাতা,
বিজ্ঞান চৰ্চা।' 'দৈনিক ইন্ডেক্সক'
এ তাঁর বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ প্রকা-
শিত হয়ে থাকে।